

**বিহারে ৭.২৩ কোটি ভোটারের সক্রিয় অংশগ্রহণের
মাধ্যমে এস আই আর প্রক্রিয়ায় পূর্ণ আস্থা প্রকাশ করেছেন**

১ . এখন পর্যন্ত ৯৯.৮% বিহার ভোটারদের কভার করা হয়েছে।

২ . ৭.২৩ কোটি ভোটারের ফর্ম গ্রহণ ও ডিজিটাইজ করা হয়েছে; এই সমস্ত ভোটারের নাম খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকবে। অবশিষ্ট ভোটারদের ফর্ম ও বিএলও রিপোর্টের ডিজিটাইজেশনও ১ আগস্ট, ২০২৫-এর মধ্যে সম্পন্ন হবে।

যেসব ভোটার ফর্ম পূরণ করেননি বা মৃত বা স্থায়ীভাবে স্থানান্তরিত হয়েছেন, তাদের তালিকা ইতিমধ্যেই ২০ জুলাই ১২টি রাজনৈতিক দলের কাছে শেয়ার করা হয়েছে [বাহুজান সমাজ পার্টি, ভারতীয় জনতা পার্টি, কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্কসবাদী): ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস; রাষ্ট্রীয় জনতা দল; জনতা দল (ইউনাইটেড); রাষ্ট্রীয় লোক সমতা পার্টি; কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্কসবাদী-লেনিনবাদী) (লিবারেশন); রাষ্ট্রীয় লোক জনশক্তি পার্টি; লোক জনশক্তি পার্টি (রামবিলাস); ন্যাশনাল পিপলস পার্টি; আম আদমি পার্টি), যাতে ১ প্রেস নোট

৭.২৩ কোটি বিহার ভোটার সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এসআইআর প্রক্রিয়ায় পূর্ণ আস্থা প্রকাশ করেছেন

১ . এখন পর্যন্ত ৯৯.৮% বিহার ভোটারদের কভার করা হয়েছে।

২ . ৭.২৬ কোটি ভোটারের ফর্ম গ্রহণ ও ডিজিটাইজ করা হয়েছে; এই সমস্ত ভোটারের নাম খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত থাকবে। অবশিষ্ট ভোটারদের ফর্ম ও বিএলও রিপোর্টের ডিজিটাইজেশনও ১ আগস্ট, ২০২৫-এর মধ্যে সম্পন্ন হবে।

৩ . যেসব ভোটার ফর্ম পূরণ করেননি বা মৃত বা স্থায়ীভাবে স্থানান্তরিত হয়েছেন, তাদের তালিকা ইতিমধ্যেই ২০ জুলাই ১২টি রাজনৈতিক দলের কাছে শেয়ার করা হয়েছে [বাহুজান সমাজ পার্টিং ভারতীয় জনতা পার্টি; কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্কসবাদী): ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস; রাষ্ট্রীয় জনতা দল; জনতা দল (ইউনাইটেড); রাষ্ট্রীয় লোক সমতা পার্টি; কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (মার্কসবাদী-লেনিনবাদী) (লিবারেশন); রাষ্ট্রীয় লোক জনশক্তি পার্টি; লোক জনশক্তি পার্টি (রামবিলাস); ন্যাশনাল পিপলস পার্টি, আম আদমি পার্টি), যাতে ১ আগস্ট প্রকাশিত খসড়া ভোটার তালিকায় কোনো ত্রুটি সংশোধন করা যায়।

৪ . ২৪ জুন, ২০২৫ থেকে স্থানীয় বিএলও/বিএলএ নিম্নলিখিত তথ্য রিপোর্ট করেছেন:

- প্রায় ২২ লক্ষ মৃত ভোটারের নাম।
- প্রায় ৭ লক্ষ ভোটার একাধিক স্থানে নিবন্ধিত।
- প্রায় ৩৫ লক্ষ ভোটার হয় স্থায়ীভাবে স্থানান্তরিত বা খুঁজে পাওয়া যায়নি।
- প্রায় ১.২ লক্ষ ভোটারের এনুমারেশন ফর্ম এখনও গৃহীত হয়নি।

৫ . এসআইআর -এর প্রথম পর্ব সফলভাবে সম্পন্ন করার কৃতিত্ব যায় বিহারের সিইও, ৩৮ জন ডিইও, ২৪৩ জন ইআরও, ২,৯৭৬ জন এইআরও, ৭৭,৮৯৫টি ভোটকেন্দ্রে নিয়োজিত বিএলও, স্বেচ্ছাসেবক, ১২টি রাজনৈতিক দল, তাদের ৩৮টি জেলা সভাপতি এবং তাদের মনোনীত ১.৬০ লক্ষ বিএলএ-র (তালিকা সংযুক্ত) কাছে।

৬ . SIR নির্দেশ অনুসারে, ১ আগস্ট থেকে ১ সেপ্টেম্বরের মধ্যে কোনো ভোটার বা রাজনৈতিক দল নির্ধারিত ফর্ম পূরণ করে যে কোনো যোগ্য ভোটারের নাম অন্তর্ভুক্তির দাবি জানাবে বা অযোগ্য ভোটারের নাম মুছে দেওয়ার আপত্তি জমা দিতে পারবেন। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।